দৈনিক সংবাদ

তারিখ 30 APR 1987
পৃষ্ঠা ১ কলাম ৫

021

# প্রতিটি পরীক্ষার আগে পরীক্ষা কেন্দ্রের রেকর্ড পর্যালোচনা করা হবে

---শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, প্রতিটি পরীক্ষার আগে পরীক্ষা কেন্দ্রসমূহের রেকর্ড পর্যালোচনা করে দেখা হবে এবং এ প্রেক্ষিতেই পরীক্ষা কেন্দ্র রাখা অথবা বাতিল করার বিষয়ে সিদ্ধান্ত

(শেষ পৃ: ৪-এর কঃ ...)

শিক্ষামন্ত্রী

(১ম পাতার পর)

গৃহীত হবে। তিনি গতকাল বুধবার খুলনায় স্থানীয় সংসদ সদস্য, জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানদের উদ্দেশে বক্তব্য রাখছিলেন।

শিক্ষামন্ত্রী সরকারী কর্মকর্তাদের ফাইলসমূহের কাজ দ্রুত গতিতে সম্পন্ন করার আহ্বান জানিয়ে বলেন, লক্ষ্য রাখতে হবে জনগণ যেন হয়রানির সম্মুখীন না হয়।